গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
www.dls.gov.bd
----

**"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"**

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১১.০৬.০১৪৪.২৫.৫৭৬৬

তারিখ: ৯ আষাঢ় ১৪৩৩
২৩ জুন ২০২৬

বিষয়: **পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ (৩য় সংশোধিত) প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত ০৪ জেলায় ক্ষুরারোগের ট্রাইভ্যালেন্ট এফএমডি টিকার ২য় লটের ৩য় ডোজ (শুরু থেকে ৭ম) টিকা প্রয়োগ কার্যক্রম শুরু প্রসংগে।**

সূত্র: পিপিআর নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প পরিচালকের পত্র নং-৩৩.০১.০০০০.৮৩১.০৭. ০৩৬(৩য়).২৫/১১৮, তারিখ- ২১/০৬/২০২৬ খ্রিঃ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এফএমডি ফ্রি জোন তৈরীর লক্ষ্যে আরডিপিপির সংস্থান অনুযায়ী ০৬ মাস অন্তর প্রকল্পভুক্ত এলাকা (মানিকগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ ও ভোলা) গবাদিপশুকে ক্ষুরারোগের টিকা প্রয়োগ করার ব্যাপারে উল্লেখ রয়েছে। ইতঃপূর্বে ০৬ ডোজ টিকা প্রয়োগ করা হয়েছে, যা বিগত ২৫ শে ডিসেম্বর ২০২৫ তারিখ হতে শুরু করা হয়েছিল। সেই অনুযায়ী পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ (৩য় সংশোধিত) প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত ০৪ জেলায় (মানিকগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ ও ভোলা) ক্রয়কৃত ২য় লটের ৩য় চালানে ৩৫,০০,০০০ (পঁয়ত্রিশ লক্ষ) ডোজ বায়োএফটোজেন এফএমডি টিকা ২৫/০৬/২০২৬ হতে ২০/০৮/২০২৬ খ্রি. পর্যন্ত মাঠ পর্যায়ে প্রয়োগ কার্যক্রম শুরু করা হবে। নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় দিক নির্দেশনা ও ছক মোতাবেক টিকা প্রয়োগ কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

টিকা প্রদানের সময়কাল: ২৫ জুন, ২০২৬ খ্রিঃ থেকে ২০ আগষ্ট, ২০২৬ খ্রিঃ পর্যন্ত।

কার্যক্রম বাস্তবায়নে অনুসরনীয়ঃ

১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রতি ওয়ার্ডে প্রয়োজনীয় সংখ্যক ক্যাম্পেইন স্থান নির্ধারণ করবেন।
২। প্রতি টিকা প্রদানকারী টিমে কমপক্ষে ২-৩ জন সদস্য অর্ন্তভুক্ত করবেন।
৩। টিকা প্রদানকারী হিসেবে রাজস্ব/প্রকল্প জনবল/এ আই টেকনিশিয়ান/বেসরকারী স্বেচ্ছাসেবী এবং ভলান্টিয়ার ভ্যাকসিনেটরকে অর্ন্তভুক্ত করতে হবে।
৪। জেলা দপ্তর হতে কুলচেইন মেইনটেইন করে উপজেলা দপ্তর এবং ক্যাম্পেইন স্থানে টিকা প্রেরণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৫। কুলবক্সে প্রয়োজনীয় পরিমাণ বরফ/আইস প্যাক নিশ্চিত করতে হবে।
৬। সংশ্লিষ্ট কর্মকর্তা সফলভাবে টিকা কার্যক্রম বাস্তবায়নের জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন।
৭। কার্যক্রম বাস্তবায়নের জন্য স্থানীয় প্রশাসন এবং গণ্যমান্য ব্যক্তিবর্গকে অর্ন্তভুক্ত করতে হবে।
৮। সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কার্যক্রম বাস্তবায়নে টিকা প্রদানকারীগণকে প্রাক প্রস্তুতি সভা করে প্রয়োজনীয় নির্দেশনা এবং পরামর্শ প্রদান করবেন।
৯। তিন মাসের উর্দ্ধে সকল সুস্থ্য গবাদি-পশুকে টিকা প্রদান করতে হবে। (লিফলেট সংযুক্ত)
১০। গর্ভবতী গাভীকে টিকা প্রয়োগে কোন পার্শ্ব-প্রতিক্রিয়া নেই।তবে, গর্ভবস্থায় ২য় এবং তৃতীয় ট্রাইমেস্টারে টিকা প্রদান না করাই উত্তম। বাদ পড়া গবাদি-পশু সনাক্তকরণ পূর্বক পরবর্তীতে টিকা প্রদান করতে হবে।
১১। প্রতি গরু-মহিষকে ২ মিঃলিঃ পরিমাণ টিকা মাংস/চামড়ার নীচে প্রয়োগ করতে হবে। (লিফলেট সংযুক্ত)
১২। টিকা প্রদানকারীকে পরিষ্কার এপ্রোন, মাস্ক গামবুট, গ্লোভস পরিধান করতে হবে।
১৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা টিকা প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক সিরিঞ্জ ও অন্যান্য উপকরণ নিশ্চিত করবেন এবং ব্যবহৃত সিরিঞ্জ যথাযথ পদ্ধতিতে ডিসপোজ করবেন।
১৪। টিকার ভায়াল নির্দিষ্ট স্থানে সংরক্ষণ করবেন এবং পরবর্তী নির্দেশনা অনুযায়ী ডিসপোজ করবেন।
১৫। টিকা প্রদানের তথ্য প্রেরিত রেজিষ্টার এ নিদিষ্টকৃত ছকপত্রে এবং হেলথ কার্ডে লিপিবদ্ধ করবেন।
১৬। উপজেলা, জেলা এবং বিভাগীয় দপ্তরসমূহ দৈনিক টিকা প্রদানের সমন্বিত তথ্য অধিদপ্তর এবং প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন ( extension.dls.01@gmail.com) এবং (pdppr.fmd@gmail.com)
১৭। অধিদপ্তর কর্তৃক গঠিত মনিটরিং টিম সকল কার্যক্রম মনিটর এবং সমন্বয় করবেন।
১৮। বর্ণিত বিষয়গুলি ছাড়াও সংশ্লিষ্ট বিজ্ঞান ভিত্তিক কার্যক্রম অন্তর্ভুক্ত করা যেতে পারে।

**ক) ভ্যাকসিনেটর কর্তৃক টিকা প্রদানের তথ্যাদি (সংশ্লিষ্ট উপজেলা অফিসে রেজিষ্টারে সংরক্ষণ থাকবে)।**

| ক্র: নং | মালিকের নাম | গ্রাম | ইউনিয়ন | উপজেলা | টিকা প্রদানকৃত পশুর সংখ্যা | | | | | মালিকের স্বাক্ষর ও মোবাইল নং |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ষাড়/বলদ | গাভী | বাড়ন্ত/বাছুর | মহিষ | মোট | |
| | | | | | বয়স | বয়স | বয়স | বয়স | ১০= | ১১ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | (৬+৭+৮+৯) | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

(খ) দৈনিক রির্পোট প্রেরণের ছকঃ (সংশ্লিষ্ট উপজেলার জন্য)

উপজেলার নামঃ----------------------------------জেলাঃ------------------------------- তারিখঃ--------------------------

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | টিকা প্রদানকৃত ওয়ার্ডের সংখ্যা | | দৈনিক টিকা প্রদান (সংখ্যা) | | মোট (৫+৬) | ক্রমপুঞ্জিত সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | **চলতি** | **ক্রমপুঞ্জিত** | **গরু** | **মহিষ** | | | |
| | | | | | | | | |
| **সর্বমোট** | | | | | | | | |

(গ) দৈনিক রির্পোট প্রেরণের ছকঃ (সংশ্লিষ্ট জেলার জন্য)

জেলার নামঃ---------------------- বিভাগের নামঃ----------------------------------------তারিখঃ---------------

| ক্রমিক নং | উপজেলার নাম | টিকা প্রদানকৃত ইউনিয়নের সংখ্যা | | দৈনিক টিকা প্রদান (সংখ্যা) | | মোট (৫+৬) | ক্রমপুঞ্জিত সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | **চলতি** | **ক্রমপুঞ্জিত** | **গরু** | **মহিষ** | | | |
| | | | | | | | | |
| **সর্বমোট** | | | | | | | | |
| | | | | | | | | |

**সংযুক্তিঃ**

(১) প্রকল্প পরিচালক এর পত্র



২৩-০৬-২০২৬
মোঃ শাহজামান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
মানিকগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ ও ভোলা।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১১.০৬.০১৪৪.২৫.৫৭৬৬/১(৭)

তারিখ: ৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, সম্প্রসারণ, সম্প্রসারণ শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। প্রকল্প পরিচালক, পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর। ইহা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। অফিস কপি।

২৩-০৬-২০২৬
মোঃ শাহজামান খান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)